দৈনিক ইনকিলাব
তারিখ 24 MAR 2009
পৃষ্ঠা

# এক সপ্তাহে ৩৮ বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ বন্ধ ঘোষণা প্রত্যাহার করুন

*-বেসরকারী টিচার্স ট্রেনিং এসোঃ*

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা মন্ত্রণালয় পরিচালিত গোপন প্রতিবেদনের ভিত্তিতে এক সপ্তাহের মধ্যে ৩৮টি বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ বন্ধ ঘোষণা এবং ১০২টি কলেজ ভুয়া বলে আখ্যায়িত করার প্রতিবাদ জানিয়েছে বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ এসোসিয়েশন। গতকাল (সোমবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটি-মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসোসিয়েশনের নেতৃবৃন্দ এ প্রতিবাদ জানিয়ে বলেন, 'এসব কলেজ সম্পর্কে কোন সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার আছে একমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের, শিক্ষা মন্ত্রণালয়ের নয়। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সরকারী টিচার্স ট্রেনিং (টিটি) কলেজের শিক্ষকদের দ্বারা পরিচালিত গোপন প্রতিবেদনের ভিত্তিতে অতিউৎসাহী হয়ে ৩৮টি কলেজ বন্ধ এবং ১০২টি কলেজ ভুয়া আখ্যায়িত করে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন। আমরা তার এ আচরণে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। এ ঘোষণায় একদিকে যেমন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে, অন্যদিকে জনসম্মুখে বেসরকারী টিটি কলেজসমূহকে হেয়প্রতিপন্ন করা হয়েছে।' নেতৃবৃন্দ অবিলম্বে এ ঘোষণা প্রত্যাহারের দাবি জানান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এসোসিয়েশনের সভাপতি মোঃ নবী নেওয়াজ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন এসোসিয়েশনের উপদেষ্টা আমিনুল ইসলাম কাগজী, সহ-সভাপতি আব্দুল হাকিম, সাধারণ সম্পাদক নাজিরুল ইসলাম ও যুগ্ম সম্পাদক মকবুল হোসাইন।